

তারিখ : 10/07/2017

দি সিউড়ি ফ্রেন্ডস' ইউনিয়ন কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড, সিউড়ি, পশ্চিমবঙ্গ – ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 –এর ধারা 35A তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে জারি করা সমস্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির কার্যকরী সময়কাল বৃদ্ধি

জনগণের জ্ঞাতার্থে এই মর্মে বিজ্ঞাপিত হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাংক সন্তোষ প্রকাশ করছে যে সিউড়ি, পশ্চিমবঙ্গ স্থিত দি সিউড়ি ফ্রেন্ডস' ইউনিয়ন কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড-এর উদ্দেশ্যে জারি করা মার্চ 28, 2014 তারিখাঙ্কিত বিশেষ নিয়ন্ত্রণবিধি তৎসহ পঠিত ডিসেম্বর 30, 2016 তারিখাঙ্কিত নিয়ন্ত্রণবিধির কার্যকরীতার সময়কাল জনস্বার্থে বৃদ্ধি করা প্রয়োজন।

সেই অনুসারে , ভারতীয় রিজার্ভ ব্যাংক, ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট,1949-এর ধারা 35A-এর অন্তর্গত উপধারা (1) তৎসহ পঠিত ধারা 56 –এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে এই নির্দেশ দিচ্ছে যে সিউড়ি, পশ্চিমবঙ্গ স্থিত দি সিউড়ি ফ্রেন্ডস' ইউনিয়ন কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড-এর উদ্দেশ্যে মার্চ 28, 2014 তারিখে যে নিয়ন্ত্রণবিধি জারি করা করেছিল, যা সময়ে সময়ে পরিবর্তিত হয়েছিল এবং যার বৈধতা সর্বশেষ বর্ধিত হয়েছিল ডিসেম্বর 30, 2016 থেকে জুলাই 06, 2017 তারিখ পর্যন্ত সেটি, পর্যালোচনার সাপেক্ষে, জুলাই 07, 2017 থেকে জানুয়ারী 06, 2018 পর্যন্ত আরও ছয় মাস কাল প্রযোজ্য থাকবে।

উল্লেখিত বিশেষ নিয়ন্ত্রণবিধির অন্যান্য বিধি ও শর্তাবলী, যা সময়ে সময়ে যেমন পরিবর্তিত হয়েছে, সেগুলি অপরিবর্তিত থাকবে।

আর বি আই কর্তৃক উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির থেকে স্বতই এই অর্থ নির্ধারণ সমীচীন নয় যে আর বি আই দ্বারা ব্যাংকটির অনুজ্ঞাপত্র বাতিল হচ্ছে। ব্যাংকটি বিধিনিষেধ মেনে নিয়ে তাদের ব্যাংকিং কাজকর্ম পরিচালনা করবে যতদিন না ব্যাংকটির আর্থিক অবস্থার উন্নতি হচ্ছে। রিজার্ভ ব্যাংক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন করার কথা বিবেচনা করতে পারে।

জোশ জে. কাটুর
মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস প্রকাশনি : 2017-2018/89